



Embassy of the People's Republic
of Bangladesh
Tokyo

জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে'র মৃত্যুতে বাংলাদেশ দূতাবাস, টোকিও-এর শোক প্রকাশ

টোকিও, ৯ জুলাই ২০২২:

জাপানের সাবেক প্রধানমন্ত্রী শিনজো আবে'র অপ্রত্যাশিত মৃত্যুতে বাংলাদেশ দূতাবাস, টোকিও গভীর শোক প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার চিরশান্তি কামনার পাশাপাশি তাঁর শোকসন্তপ্ত পরিবার ও বন্ধুপ্রতিম রাষ্ট্র জাপানের নাগরিকদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

জনাব আবে বাংলাদেশের একজন পরীক্ষিত বন্ধু ছিলেন। বাংলাদেশ এবং জাপানের মধ্যকার বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ককে সর্বাঙ্গীণ অংশীদারিত্বমূলক সম্পর্কে উন্নীত করার ক্ষেত্রে অনন্য ভূমিকা পালনের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। তাঁর মৃত্যুতে বিশ্বরাজনীতিতে একটি অপূরণীয় শূন্যতার সৃষ্টি হলো।

আততায়ীর হামলায় নিহত জনাব আবে'র স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে শনিবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে একদিনের শোক পালন করা হবে। শোকপালনের অংশ হিসেবে শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনায় বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

২০২২-০৭-০৯

